

Prime Minister's meeting with Prime Minister of Finland

May 04, 2022

ফিনল্যান্ডের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে ভারতের প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দ্বিতীয় ভারত - নর্ডিক শিখর সম্মেলনের ফাঁকে ফিনল্যান্ডের প্রধানমন্ত্রী মিসেস সান্না মারিনের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। দুই প্রধানমন্ত্রী এই প্রথম মুখোমুখি সাক্ষাৎ করলেন।

দুই প্রধানমন্ত্রীর গত বছরের ১৬ই মার্চ দ্বিপাক্ষিক ভার্সুয়াল শিখর সম্মেলনে গৃহীত সিদ্ধান্তগুলি রূপায়ণে যে অগ্রগতি হয়েছে, তাতে সন্তোষ প্রকাশ করেন।

দুই প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক অংশীদারিত্বে বিজ্ঞান ও শিক্ষা ক্ষেত্রে ডিজিটাইজেশন ও সহযোগিতার মতো বিষয়গুলিকে গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসাবে উল্লেখ করেন। বৈঠকে তাঁরা নতুন ও উদীয়মান প্রযুক্তি যেমন - কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম কম্পিউটিং, ভবিষ্যৎ মোবাইল প্রযুক্তি, পরিবেশ-বান্ধব প্রযুক্তি এবং স্মার্ট গ্রিডের মতো বিষয়গুলিতে সহযোগিতাকে আরও সম্প্রসারিত করার সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা করেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদী ফিনল্যান্ডের সংস্থাগুলিকে ভারতীয় সংস্থাগুলির সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলে ভারতের বাজারে বিশেষ করে, টেলিযোগাযোগ পরিকাঠামো ও ডিজিটাল ক্ষেত্রে যে বিরাট সুযোগ রয়েছে, তা গ্রহণ করার আমন্ত্রণ জানান।

দুই প্রধানমন্ত্রীর মধ্যে আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলীর পাশাপাশি, আন্তর্জাতিক সংগঠনগুলিতে সহযোগিতাকে আরও নিবিড় করে তোলা নিয়ে আলোচনা হয়।

কোপেনহেগেন

মে 04, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.